**নভেম্বর/১৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সর্বোত্তম চাকমা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি । |
| সভার তারিখ ও সময় | : | ৩০/১১/২০১৫খ্রিঃ বেলা ১১.৩০ টা |
| উপস্থিত সদস্যদের নাম | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগ ভিত্তিক নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | <u>এলজিইডি বিভাগঃ</u> (ক) উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি অর্থ বৎসরে এডিপি-র ২য় কিস্তি বাবদ ৯,৮১,০০০ (নয় লক্ষ একাশি হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের জন্য খাতওয়ারী প্রকল্প প্রস্তাব দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | (ক) বিধি অনুযায়ী প্রকল্প প্রস্তাব দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, পানছড়ি |
| | (খ) তিনি আরও জানান যে, পানছড়ি জিসি শান্তিপুর অরণ্য কুটির সড়কের চেইংযে থেকে ১০০ মিটার জায়গা সড়কের দু'পার্শ্বের মালিকগণ জায়গা ছেড়ে দিতে চাচ্ছেন না। ফলে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে প্রশাসনিক সহযোগিতার মাধ্যমে সমস্যা সমাধানের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। | (খ) সে প্রেক্ষিতে বিস্তারিত আলাপ আলোচনার পর, ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের মাধ্যমে সমস্যা সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি নিম্নরূপ: চেয়ারম্যান, ৫নং উল্টাছড়ি, আহ্বায়ক, উপজেলা প্রকৌশলী, সদস্য, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদস্য। | |
| | (গ) তিনি আরও জানান যে, এডিপি'র অর্থায়নে পিআইসির মাধ্যমে ৩ (তিন)টি শিক্ষা প্রতিষ্ঠানে যথাক্রমে-নালকাটা জুনিয়র হাই স্কুল, সূতকর্ম্মা পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, পানছড়ি আর্দশ শিশু বিদ্যা নিকেতনে বেঞ্চ সরবরাহ করণের জন্য ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার প্রকল্প প্রস্তাব পাওয়া গেছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (গ) বিধি অনুযায়ী পিআইসি'র মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঘ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, পরিষদের আওতাভুক্ত ২২.৭৫ একর জায়গা উপজেলা পরিষদের নামে বন্দোবস্তি প্রাপ্তিতে ৪,৪৩,০০০ (চার লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা সেলামী প্রয়োজন মর্মে সভায় উপস্থিত সকলকে সভায় অবহিত করেন। | (ঘ) বিস্তারিত আলাপ আলোচনান্তে আপাততঃ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা সেলামী উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী, পানছড়ি কে অনুরোধ করা হয়। | |
| | (ঙ) তিনি আরও জানান যে, পানছড়ি থানায় ভালো একটি কম্পিউটার না থাকায় প্রশাসনিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। ফলে অফিসার ইন-চার্জ, পানছড়ি থানায় একটি কম্পিউটার, প্রিন্টার প্রভৃতি মালামাল ক্রয়ের জন্য এডিপি'র অর্থ হতে ৬০,০০০ (ষাট হাজার) টাকা বরাদ্দ প্রদানের নিমিত্ত উপজেলা পরিষদের নিকট অনুরোধ করেছেন মর্মে সভায় অবহিত করেন। | (ঙ) এ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনান্তে বিধি অনুয়ায়ী এডিপি'র অর্থ থেকে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | (চ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের স্ট্যারাইজার মেরামত বাবদ ৩০০/- (তিনশত) টাকা, অফিসের লিকুইড ডিসপেনসার ক্রয় বাবদ ৫৭০×২=১১৪০ (এক হাজার একশত চল্লিশ) টাকা এবং বাসভবনের মূল গেইটে দুইটি বড় লাইট সিকিউরিটি ফিটিংসহ ১৬৫০×২=৩৩০০/- (তিন হাজার তিনশত) টাকা খরচ করা হয়েছে। সর্বমোট = (৩০০+১১৪০+৩৩০০)=৪৭৪০/- (চার হাজার সাতশত চল্লিশ) টাকা ব্যয় হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন।<br><br>(ছ) ২০১৫-২০১৬ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পরিশিষ্ট "খ" এ বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের তালিকা পাওয়া গেছে। যা সদয় অনুমোদনসহ পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন এবং নতুন প্রকল্প প্রস্তাবনা থাকলে সভায় উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br><br>(জ) উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিষদ এলাকায় একটি ৭৬ফুট × ২২ফুট লম্বা টিনের ঘরে বিভিন্ন প্রয়োজনীয় ফটোকপিয়ার মেশিন এবং ভিডিপি অফিস ছিল। হঠাৎ আগুন লেগে ঘরটি পুড়ে যাওয়ায় ফটোকপি দোকানদার জনাব মো: আনোয়ার হোসেন, পিতা- বাদশা মিয়া, সাং- সাঁওতাল পাড়া, পানছড়ি কে মানবিক কারণে উক্ত স্থানে ১টি সেমি পাকা টিনের ঘর নির্মাণ করে দোকান পরিচালনার জন্য উপজেলা পরিষদের নির্দেশের প্রেক্ষিতে তিনি ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা ব্যয়ে দোকান ঘর নির্মাণ করে তাঁর ব্যবসা পরিচালনা করছেন। এমতাবস্থায় বিগত ০১/০১/২০১৫খ্রি: তারিখ হতে প্রতি মাসে ৩০০/- (তিনশত) টাকা করে তাঁর দোকান ভাড়া বাবদ ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা পরিশোধ হওয়ার পর তিনি পরিষদের সিদ্ধান্তক্রমে মাসিক ৪০০/- (চারশত) টাকা হারে উপজেলা পরিষদকে ভাড়া পরিশোধ করবেন এবং দোকান ঘর উপজেলা পরিষদের সম্পত্তি হিসেবে পরিণত হবে মর্মে পরবর্তী সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করেন। | (চ) ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হলে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ছ) নতুন প্রকল্প প্রস্তাবনা থাকলে শীঘ্রই দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(জ) বিস্তারিত আলাপ আলোচনার পর ১,৩০,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা পরিশোধের পর তিনি প্রতি মাসে ৪০০/- (চারশত) টাকা হারে উপজেলা রাজস্ব তহবিলে দোকান ভাড়া জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২ | <u>প্রাথমিক শিক্ষা বিভাগ :</u> উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, ২০১৬ সালের ১ম-৩য় শ্রেণী পর্যন্ত পাঠ্য বই পাওয়া গেছে এবং বাকী বইসমূহ অনতিবিলম্বে পাওয়া যাবে। ৪র্থ শ্রেণীর বৃত্তি পরীক্ষা ১৯/১২/২০১৫খ্রি: তারিখ থেকে শুরু হবে। অনুষ্ঠিতব্য পরীক্ষায় পরীক্ষার্থী সংখ্যা ৩৬৫ জন, কেন্দ্র-২টি মর্মে সভায় উপস্থাপন করেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনার পর ১০০% বই সরবরাহ নিশ্চিতসহ অনুষ্ঠিত বৃত্তি পরীক্ষা সুষ্ঠু সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের জন্য নির্দেশ প্রদানসহ উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি কে অনুরোধ করা হয়। | শিক্ষা অফিসার, পানছড়ি। |
| ৩ | <u>স্বাস্থ্য বিভাগ :</u> উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয় নি। | পরবর্তী সভায় স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, পানছড়ি। |
| ৪ | <u>সমাজসেবা বিভাগ :</u> উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, গত অর্থ বৎসরে বয়স্ক ভাতাভোগীর সংখ্যা-১৭০৪ জন, বিধবা ভাতাভোগী ৭১০ জন এবং প্রতিবন্ধী ভাতাভোগী ২১৫ জন। চলতি অর্থ বৎসরে বয়স্ক ভাতাভোগী ১৭০ জন, বিধবা ভাতাভোগী ১৬৯ জন, প্রতিবন্ধী ভাতাভোগী-১৪১ জন। তিনি আরও জানান যে, মৃত ভাতাভোগীর স্থলে প্রতিস্থাপিত ভাতাভোগীর সংখ্যা- বয়স্ক ভাতাভোগী ৬০ জন, বিধবা ভাতাভোগী ১৬ জন এবং প্রতিবন্ধী ভাতাভোগী ০২ জন মর্মে সভায় উপস্থাপন করেন। | বিধি অনুযায়ী বয়স্ক ভাতাভোগী, বিধবা ভাতাভোগী এবং প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচনের জন্য সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি কে অনুরোধ করা হয়। | সমাজসেবা কর্মকর্তা পানছড়ি। |